

# COVID-19 টিকাকরণের পার্শ্বপ্রতিক্রিয়া: আপনি কী আশা করতে পারেন



ছয় মাস বা তার বেশি বয়সের প্রত্যেককে 2024-2025 COVID-19 টিকার অন্তত একটি ডোজ নেওয়া উচিত।

সকল ব্যক্তির ক্ষু টিকা সহ অন্যান্য টিকার সাথে একই সঙ্গে COVID-19 টিকা নিতে পারেন।

টিকার পার্শ্বপ্রতিক্রিয়া থাকতে পারে, যা প্রত্যেক ব্যক্তির মধ্যে ভিন্ন হতে পারে। এগুলো টিকা নেওয়ার কয়েক দিন পর শুরু হতে পারে, তবে সাধারণত হালকা হয় এবং এগুলোতে অন্তর্ভুক্ত থাকতে পারে:\*



- হাতে বা পায়ের যেখানে টিকা দেওয়া হয়েছে সেখানে ব্যথা, ফোলাভাব, এবং লালচে ভাব।
- ক্লান্তি
- ঘুম আসা, বিরক্তি লাগা/কান্নাকাটি করা, এবং ক্ষুধা কমে যাওয়া\*\*
- জ্বর/ঠাণ্ডা লাগা
- মাথাব্যথা
- পেশী বা জয়েন্টে ব্যথা
- বমি বমি ভাব/বমি হওয়া
- লিম্ফ নোডগুলি ফুলে যাওয়া

\* অতিরিক্ত ডোজ নেওয়ার পর 4-17 বছর বয়সীদের মধ্যে পার্শ্বপ্রতিক্রিয়া সাধারণত বেশি দেখা যায়।  
\*\* 6 মাস থেকে 3 বছর বয়সীদের মধ্যে এগুলো সাধারণত আরও বেশি দেখা যায়।



- যদি টিকা দেওয়ার স্থানে লালভাব বা কোমলতা 24 ঘন্টা পরে আরও খারাপ হয়ে যায়, বা যদি পার্শ্ব প্রতিক্রিয়া কয়েক দিন পরে চলে না যায় তাহলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন।
- যদিও স্বাসকষ্টের মতো গুরুতর প্রতিক্রিয়া বিরল, তবে যদি আপনি মনে করেন যে আপনি বা আপনার শিশুর অ্যালার্জির গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়া হচ্ছে, তাহলে 911 নম্বরে কল করুন।

অধিক তথ্যের জন্য [cdc.gov/covid/vaccines/getting-your-covid-19-vaccine.html](https://www.cdc.gov/covid/vaccines/getting-your-covid-19-vaccine.html)-এ যান।

বিনামূল্যের টিকা এবং টিকা কেন্দ্রগুলি খুঁজে পেতে, [nj.gov/health/vaccines/covid-19](https://www.nj.gov/health/vaccines/covid-19) -এ যান অথবা QR কোডটি স্ক্যান করুন। এছাড়াও আপনি [vaccines.gov](https://www.vaccines.gov)-এ যেতে পারেন।

